



## ঘরোয়া অনুষ্ঠানে অতিথি আপ্যায়নে

● নুসরাত জাহান

বিশেষ দিনগুলোতে বাইরে ঘুরতে সবারই ভালো লাগে। বিশেষ দিনগুলোতে ঘরোয়া অনুষ্ঠানেরও আয়োজন করেন অনেকে। দাওয়াত করেন বন্ধু ও আত্মীয়দের। হতে পারে সেটা জন্মদিন, বিবাহবার্ষিকী, বড়দিন অথবা বর্ষবরণ। অনুষ্ঠানের উপলক্ষ যা-ই হোক না কেন, আপনার আয়োজনটি যেন হয় অনবদ্য ও নির্ঝঞ্ঝাট, তার জন্য করণ কিছু পরিকল্পনা। ছোট ছোট কিন্তু গুরুত্বপূর্ণ কিছু বিষয়ে থাকুন সতর্ক। এতে আপনার আয়োজন প্রশংসিত হবে সবার কাছেই। ঘরদোর আর খাবারের পাশাপাশি নিজের দিকেও নজর দিন। আপনার নিজেকে উপস্থাপনের ভঙ্গিই যেন অনুষ্ঠানের শোভা বাড়িয়ে দেয় বহুগুণ। আর কথায় আছে— অতিথি দেবতুল্য। তাই অতিথি যেন কোনোমতেই অসন্তুষ্ট না হন, সেদিকে খেয়াল রাখুন।

**সাজপোশাক :** অনুষ্ঠান যেহেতু বাড়িতেই, তাই নিজে খুব বেশি জমকালো সাজ না করাই ভালো। পরতে পারেন আটপৌরে তাঁতের শাড়ি এবং সঙ্গে সাদাসিধে সাজ। পরতে পারেন সালায়ার-কামিজও। উৎসবের আমেজ রয়েছে এমন রঙের পোশাক পরুন। এমন পোশাক

অতিথিদের কাছ থেকে উপহার আশা করবেন না। বরং তাদের জন্য শুভেচ্ছা হিসেবে ছোটখাটো উপহারের ব্যবস্থা রাখতে পারেন

পরবেন যাতে স্বস্তিবোধ করেন। সহজে চলাফেরা করতে পারবেন এবং অতিথি সামলাতে পারবেন এমন পোশাক পরাটাই যুক্তিযুক্ত হবে।

**মেকআপ :** পোশাকের সঙ্গে সামঞ্জস্য রেখে মেকআপ করুন। ন্যাচারাল লুক রাখুন। পোশাকের সঙ্গে মিল রেখে বেছে নিন লিপস্টিক ও আইশ্যাডোর শেড। চুল রো ডাই অথবা হালকা কার্লস করে খোলা রাখতে পারেন।

**পাদুকা :** বাড়িতে অনুষ্ঠান থাকলে প্রচুর হাঁটতে হয়। তাই এমন স্যান্ডেল পরুন যেটাতে পায়ের ওপর স্ট্রেস কম পড়বে। পেনসিল হিল বা অতিরিক্ত উঁচু স্যান্ডেল না পরাই ভালো।

**অতিথি অভ্যর্থনা :** প্রত্যেক অতিথিকে নিজে অভ্যর্থনা জানিয়ে বাড়ির ভেতরে নিয়ে আসুন। একা সামলানো সম্ভব না হলে ঘনিষ্ঠ কাউকে পাশে রাখুন। অনুষ্ঠান উপলক্ষে যদি বিশেষ ডেকোরেশন করে থাকেন তাহলে সেটা অতিথিদের ঘুরিয়ে দেখান। ডেকোরেশন নিয়ে অনেকেই নানা প্রশ্ন করতে পারে, বিরক্ত না হয়ে হাসিমুখে জবাব দিন।

**বরং দিন উপহার :** অতিথিদের কাছ থেকে উপহার আশা করবেন না। বরং তাদের জন্য শুভেচ্ছা হিসেবে ছোটখাটো উপহারের ব্যবস্থা রাখতে পারেন।

**খাবার :** খাবার হলো অনুষ্ঠানের মূল আকর্ষণ। তাই অতিথিরা চমকে যায় এমনভাবে খাবারের আয়োজন করুন। গতানুগতিক খাবারের পাশাপাশি রাখুন বিশেষ কিছু আইটেম। অতিথির সংখ্যা বেশি হলে বুফের ব্যবস্থা রাখুন। খাবারের ক্ষেত্রে আমিষ এবং নিরামিষ দুই ধরনেরই খাবার রাখুন। অতিথি বেশি হলে সবসময় নিজ হাতে পরিবেশন করা সম্ভব হয় না। তবে প্রত্যেকে ঠিকঠাক খাচ্ছেন কিনা সে ব্যাপারে অবশ্যই খোঁজ নিন।

**খেয়াল রাখুন :** বাড়িতে অনুষ্ঠান থাকলে নাচ-গান-হই-হল্লা হবেই। কিন্তু প্রতিবেশীদের অসুবিধা হয়, এমন মাত্রায় যেতে দেবেন না। বড়দের সঙ্গে বাচ্চারায় আসবে। আর বাড়িতে বাচ্চারা এলে ছোটোছোটো হবেই। অথবা গুদের বকাবকি করবেন না। ■